বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

কমিটি শাখা-০১

www.parliament.gov.bd

## কমিটির সিদ্ধান্ত

**কমিটির নাম:** সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি

**তথ্য নিবন্ধন নম্বর: ০০১২০১৯০০০০৫**

**তথ্য শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ এবং প্রাসঙ্গিক তথ্য।

**পরীক্ষণ নম্বর: ০০১২০১৯০০০০৫**

**পরীক্ষণ শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ সংক্রান্ত পরীক্ষণ।

**বৈঠক নম্বর:** ৩৪

**বৈঠকের তারিখ:** ২০/১২/২০২০

**বৈঠক শুরুর সময়:** ১১:০০ পূর্বাহ্ন

**বৈঠক শেষের সময়:** ১২.১৫ অপরাহ্ন

**বৈঠকের স্থান:** কেবিনেট কক্ষ, পশ্চিম ব্লক, ২য় লেভেল, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

**সভাপতি:** জনাব মোঃ রুস্তম আলী ফরাজী

**২.১. বৈঠকে উপস্থিত কমিটির সদস্যগণের তালিকা:**

১. জনাব মোঃ রুস্তম আলী ফরাজী, সভাপতি, ১২৯ পিরোজপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. জনাব আবুল কালাম আজাদ, সদস্য, ১৩৮ জামালপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৩. জনাব মোঃ আব্দুস শহীদ, সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৪. জনাব মোঃ আফসারুল আমীন, ২৮৭ চট্টগ্রাম-১০, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৫. জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, সদস্য, ৪৭ নওগাঁ-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৬. জনাব র, আ, ম, উবায়দুল মোকতাদির চৌধুরী, সদস্য, ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

**২.২. বৈঠকে উপস্থিত মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব হেলালুদ্দীন আহমদ, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। জনাব সোহরাব হোসেন, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। বেগম নুসরাত জাবীন বানু, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ।
৪। জনাব মোঃ আজিজ তাহের খান, পরিচালক (যুগ্ম সচিব), সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৫। ড. নাছিমা আকতার, উপসচিব, অর্থ বিভাগ।

**২.৩. বৈঠকে উপস্থিত সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব মোঃ আব্দুর রশীদ খান, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২। জনাব মোঃ আল্লা হাফিজ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৩। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

**২.৪. বৈঠকে উপস্থিত সিএজি কার্যালয়ের কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।
২. জনাব মোঃ আহ্‌সান হাবীব, অতিরিক্ত উপ-মহাহিসাব-নিরীক্ষকওনিয়ন্ত্রক (সংসদ)।
৩. জনাব মোঃ আবুল হাশিম, সহকারী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সংসদ)।

**২.৫. বৈঠকে উপস্থিত অডিট অধিদপ্তরের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব বিকাশ চন্দ্র মিত্র, মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২। মোসাঃ মাহবুবা বেগম, পরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। জনাব মোঃ মতিয়ার রহমান, উপ-পরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

**২.৬. বৈঠকে উপস্থিত সংসদ সচিবালয়ের কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব মোঃ ফয়সাল মোর্শেদ, কমিটি সচিব, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. বেগম রায়হানা ইয়াসমিন, সিনিয়র কমিটি অফিসার, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩. জনাব শোয়েব খান, সহকারী পরিচালক (রিপোর্টিং), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৪. বেগম তানজীনা তানীন, সহকারী পরিচালক (গণসংযোগ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

**৩. প্রারম্ভিক কার্যাবলী:**

**৩.১. আলোচ্য বিষয়:** কোরাম ও বৈঠক শুরু।

**আলোচনার সার-সংক্ষেপ:** প্রথমেই সভাপতি উপস্থিত সকলের প্রতি সালাম ও শুভেচ্ছা জানান। সেইসাথে জাতির পিতার বিদেহী আত্মার প্রতি এবং বিজয়ের মাসে শহীদগণের আত্মার প্রতি মাগফেরাত কামনা করেন। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধি অনুযায়ী কোরাম সম্পন্ন হয়েছে বিধায় বৈঠক শুরুর বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কোরাম সম্পন্ন হওয়ায় উপস্থিত কমিটির সদস্যগণ এবং সংসদ সচিবালয়ের কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে ৫ পৌষ ১৪২৭ (২০ ডিসেম্বর ২০২০) রোজ রবিবার সকাল-১১:০০ ঘটিকায় ঢাকার শেরেবাংলা নগরস্থ সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৪তম বৈঠক শুরু করা হয়।**

**৩.২. আলোচ্য বিষয়:** কমিটির কার্যক্রম সম্পর্কে সূচনা বক্তব্য।

**আলোচনার সার-সংক্ষেপ:** পূর্ত অডিট অধিদপ্তর বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এর উপর আলোচনা।

**৩.৩. আলোচ্য বিষয়:** সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৩তম বৈঠকের সিদ্ধান্ত দৃঢ়ীকরণ।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, নিশ্চয়ই কমিটির সদস্যগণ বৈঠকের ফোল্ডারে সরবরাহকৃত সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৩তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত পড়েছেন। তিনি মাননীয় সদস্যবৃন্দকে উদ্দেশ্য করে বলেন, ৩৩তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধকরণের বিষয়টি যথাযথ হয়ে থাকলে তা দৃঢ়ীকরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৩তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত কমিটি কর্তৃক দৃঢ়ীকরণ করা হলো।**

**৪. গণ কার্যাবলী :**

**৪.১। আলোচ্য বিষয়:**সাক্ষ্য গ্রহণ: প্রশ্ন-উত্তর ও জেরা পর্ব পূর্ত অডিট অধিদপ্তর বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট

রিপোর্ট ২০১১-২০১২ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এর উপর আলোচনা।

**আলোচনার সার-সংক্ষেপ:** বৈঠকে আমন্ত্রিত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট আলোচ্য বিষয়ে কমিটির মাননীয় সদস্যগণের জিজ্ঞাসিত প্রশ্ন সম্পর্কে সভাপতির আহ্বানক্রমে তাঁদের সুচিন্তিত জবাব প্রদান করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কমিটির সদস্যগণের জিজ্ঞাসার আলোকে সভাপতির আহ্বানক্রমে আমন্ত্রিত কর্মকর্তাগণের প্রদত্ত জবাব কার্যবাহে হুবহু রেকর্ড করার জন্য অনুশাসন দেয়া হলো।**

**৫. সমাপনী কার্যাবলী:**

**৫.১:আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১: অডিট আপত্তির শিরোনাম:** ঠিকাদারের বিল হতে স্যালভেজ মালামালের মূল্য ও স্যালভেজ মালামালের মূল্যের উপর আয়কর এবং ভ্যাট কর্তন না করায় রাজস্ব ক্ষতি ৩,৭০,১২,১৮৬/- (তিন কোটি সত্তর লক্ষ বারো হাজার একশত ছিয়াশি) টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** আলোচ্য অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১ এ বিশটি উপানুচ্ছেদ রয়েছে। এর মধ্যে উপানুচ্ছেদ নং ১.২ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর), উপানুচ্ছেদ নং ১.৩ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর), উপানুচ্ছেদ নং ১.৪ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার), উপানুচ্ছেদ নং ১.৫ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর), উপানুচ্ছেদ নং ১.৬ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা), উপানুচ্ছেদ নং ১.৭ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা), উপানুচ্ছেদ নং ১.৮ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল), উপানুচ্ছেদ নং ১.১০ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঢাকা), উপানুচ্ছেদ নং ১.১১ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর), উপানুচ্ছেদ নং ১.১২ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোনা), উপানুচ্ছেদ নং ১.১৩ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ), উপানুচ্ছেদ নং ১.১৬ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইদহ), উপানুচ্ছেদ নং ১.১৭ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইদহ), উপানুচ্ছেদ নং ১.১৮ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি), উপানুচ্ছেদ নং ১.১৯ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও), উপানুচ্ছেদ নং ১.২০ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল) এর সংশ্লিষ্ট বিষয়সমূহ বিগত ২০/০৬/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকে নিষ্পত্তি হয়েছে। উপানুচ্ছেদ নং ১.১ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল) এ জড়িত টাকা =২১,৮১,৯৩৫/- (একুশ লক্ষ একাশি হাজার নয়শত পঁয়ত্রিশ) আপত্তিটি নিষ্পত্তির জন্য একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২০/০৬/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ বৈঠকের সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-৪৬.০২.০০০০.০০৬.০১.০০৬.২০১৯-১৩০, তারিখ: ১৪-০৭-২০১৯খ্রি: মূলে জনাব মোঃ নূর হোসেন হাওলাদার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ঢাকা, আগারগাঁও-কে আহবায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি বিগত ২১-১০-২০১৯ খ্রি: তারিখের দাখিলকৃত প্রতিবেদনে অডিট আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন। আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃকও সুপারিশ করা হয়। উপানুচ্ছেদ-১.১ এ জড়িত অর্থ ছিল ২১,৮১,৯৩৫/- টাকা তবে তদন্ত কমিটির সুপারিশ ও সিএজির সুপারিশ অনুযায়ী পূর্বে আদায়কৃত ১৬,২৯,৫৫৭/-টাকাসহ পরবর্তীতে ৯৭,৬৮১/- টাকা আদায়ের ফলে তা নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হয়েছে। ফলে এ উপানুচ্ছেদে চুড়ান্ত আপত্তিকৃত টাকার পরিমাণ হবে ১৬,২৯,৫৫৭+৯৭,৬৮১=১৭,২৭,২৩৮/- টাকা। উপানুচ্ছেদ নং ১.৯ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা) এ জড়িত টাকা =১৩,৩৭,২৩০/- (তেরো লক্ষ সাইত্রিশ হাজার দুইশত ত্রিশ) আপত্তিটি নিষ্পত্তির জন্য একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২০/০৬/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ বৈঠকের সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ড. কাজী আনোয়ারুল হক কে আহ্বায়ক করে এলজিইডির অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট) জনাব আব্দুল কুদ্দুস মন্ডল এবং পূর্ত অডিট অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ ছাইফুর রহমান জামালী কে নিয়ে ০৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।। তদন্ত কমিটি অডিট আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন। আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃকও সুপারিশ করা হয়। এ ছাড়া ১.১৪ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পাবনা এবং ১.১৫ নির্বাহী প্রকৌশলী এলজিইডি, মানিকগঞ্জ বিষয়ে নিষ্পত্তিমূলক কার্যক্রম গৃহীত হওয়ায় গত ০৩/০৯/২০২০ তারিখ স্মারক নং-১৭০ মূলে কমিটি বরাবর নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ফলে মূল আপত্তিটির ২০টি উপানুচ্ছেদই নিষ্পত্তির সুপারিশ এ কমিটির কাছে পেশ করা হয়েছে। অতএব অনুচ্ছেদ-১ এর চুড়ান্ত জড়িত অর্থের পরিমাণ ৪,৫৪,৬৯৭/- টাকা কম হবে। অর্থাৎ অনুচ্ছেদ-১ এ চুড়ান্ত জড়িত অর্থ ৩,৬৫,৫৭,৪৮৯/-টাকা হবে যা সিএজি কর্তৃক নিষ্পত্তির সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশ অনুযায়ী আপত্তিটি সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো। এ আপত্তিতে জড়িত চুড়ান্ত অর্থের পরিমাণ ৩,৬৫,৫৭,৪৮৯/- টাকা।**

**৫.২. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং- ২, ৩, ৪, ৫, ৬ ও ৭।**

**আলোচনার সার-সংক্ষেপ:** আলোচ্য বিষয়ে উল্লেখিত অডিট আপত্তির অনুচ্ছেদ নং-২, ৩, ৪, ৫, ৬ ও ৭ আপত্তি ৬টি বিগত ২০/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.৩. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৮: অডিট আপত্তির শিরোনাম:** উন্মুক্ত দরপত্র আহবান না করে ঢালাও ভাবে সমুদয় কাজ সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে জিওবি উন্নয়ন/অনুনয়ন খাতে অনিয়মিতভাবে ১০৩,৭০,৪৬,২২৫/- টাকার দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন।

**আলোচনার সার-সংক্ষেপ:** আলোচ্য অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৮ এ চারটি উপানুচ্ছেদ রয়েছে যথা উপানুচ্ছেদ-৮.১ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া), উপানুচ্ছেদ-৮.২ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম), উপানুচ্ছেদ-৮.৩ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ) ও উপানুচ্ছেদ-৮.৪ (নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লালমনিরহাট)। আপত্তিটি নিষ্পত্তির জন্য একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকের সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ড. কাজী আনোয়ারুল হক কে আহ্বায়ক করে এলজিইডির অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট) জনাব আব্দুল কুদ্দুস মন্ডল এবং পূর্ত অডিট অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ ছাইফুর রহমান জামালী কে নিয়ে ০৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি অডিট আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করে। আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃকও সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত:- সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশ অনুযায়ী আপত্তিটি সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৪. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৯: অডিট আপত্তির শিরোনাম:** বরাদ্দের অতিরিক্ত চুক্তি সম্পাদন ও কার্যাদেশ প্রদান করে সরকারের ৪৩,৮৬,২৫,৫২৭/-(তেতাল্লিশ কোটি ছিয়াশি লক্ষ পঁচিশ হাজার পাঁচশত সাতাশ) টাকার আর্থিক দায় সৃষ্টি।

**আলোচনার সার-সংক্ষেপ:** এ আপত্তিটি গত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২২তম বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.৫. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১০: অডিট আপত্তির শিরোনাম:** ৫টি কালভার্ট নির্মাণ না করা সত্ত্বেও কালভার্ট নির্মাণের ৪২,১৪,১০২/- (বিয়াল্লিশ লক্ষ চৌদ্দ হাজার একশত দুই) টাকা ব্যয় দেখিয়ে হিসাবভুক্ত।

**আলোচনার সার-সংক্ষেপ:** মৎস্য চাষ অবকাঠামো নির্মাণ (দাউদকান্দি মডেল) প্রকল্প, এর আপত্তির বিষয়ে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২২তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (আইন অধিশাখা) জনাব মোঃ হাবিবুর রহমান কে আহ্বায়ক করে একই বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ ফজলে আজিম এবং এলজিইডির তত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ রফিকুল আলম কে নিয়ে ০৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের DPP তে ৭৫টি কালর্ভাট নিমার্ণের সংস্থান ছিল (থোক বরাদ্দ হিসাবে) এবং ২০০৭-০৮ অর্থবৎসরে ২৫টি কালভার্ট নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়েছিল। জমি সংক্রান্ত জটিলতার কারণে ৫টি এবং অন্যান্য কারণে ২টি নির্মাণ করা যায় নাই। উক্ত অর্থ বৎসরে ১৮টি কালভার্ট নির্মাণ করা হয়। পরবর্তীতে ২০০৮-০৯ অর্থবৎসরে ৪৬টি এবং ২০০৯-১০ অর্থ বৎসরে ১১টি কালভার্ট নির্মাণ করা হয়। ফলে সর্বমোট তিন অর্থ বৎসরে (১৮+৪৬+১১)= ৭৫টি কালভার্ট নির্মাণ করা হয়। ৭৫টি কালর্ভাটের জন্য মোট ৩৫২.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং RDPP তে ৭৫টি কালভার্টের জন্য ৩৫৬.০০ লক্ষ টাকার অনুমোদন রয়েছে। তদন্ত কমিটির মন্তব্য অনুযায়ী উক্ত প্রকল্পের আওতায় মোট ৭৫টি কার্লভার্ট নির্মাণ করা হয়েছে এবং এর বিপরীতে ৩,৫২,৮৪,৫৫৫/- টাকা ব্যয় করা হয়েছে। তদন্ত কমিটির মন্তব্য অনুযায়ী আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃকও সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত:- সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশ অনুযায়ী আপত্তিটি সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৬. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১১: অডিট আপত্তির শিরোনাম:** জামানতের অর্থের ওপর ব্যাংক হতে প্রাপ্ত সুদ বাবদ ১৩,৩১,৫৭৮/- ( তেরো লক্ষ একত্রিশ হাজার পাঁচশত আটাত্তর) টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়নি।

**আলোচনার সার-সংক্ষেপ:** এ আপত্তিটি গত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২২তম বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.৭. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১২: অডিট আপত্তির শিরোনাম:** পৌরসভার আওতাধীন সড়ক উন্নয়নে এখতিয়ার বহির্ভূত অনিয়মিত ব্যয় ৪৮,২২,৯৫৩/- (আটচল্লিশ লক্ষ বাইশ হাজার নয়শত তেপ্পান্ন) টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর এর বিষয়ে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২২তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব (নগর উন্নয়ন-২) জনাব সায়লা ফারজানা কে আহ্বায়ক করে একই বিভাগের উপসচিব (অডিট-১) জনাব নাজনীন ওয়ারেস এবং এলজিইডির নির্বাহী প্রকৌশলী (অডিট) জনাব মোঃ সিদ্দিকুর রহমান কে নিয়ে ০৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী আপত্তিকৃত রাস্তাটি 'ইউনিয়ন সংযোগ সড়ক নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ বৃহত্তর ময়মনসিংহ প্রকল্পের ডিপিপি ভুক্ত রাস্তা। ডিপিপি ভুক্ত থাকায় পৌরসভার সম্মতিক্রমে জনস্বার্থে রাস্তার উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, ৩০-০৯-২০১৮খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদনে জনস্বার্থে রাস্তাটির কাজ বাস্তবায়ন করায় আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়। তদন্ত কমিটির মন্তব্য অনুযায়ী সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃক বর্ণিত রাস্তাটির উন্নয়ন কাজ এলজিইডি'র মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করায় আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃকও সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশ অনুযায়ী আপত্তিটি সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৮. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৩: অডিট আপত্তির শিরোনাম:** অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করে যে কাজের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে তা না করে ভিন্ন কাজ বাস্তবায়নের জন্য প্রকল্পের অর্থ খরচে অনিয়মিত ব্যয় ২,৩৯,৫০,০০০/- ( দুই কোটি উনচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** এ আপত্তিটি গত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২২তম বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.৯. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৪: অডিট আপত্তির শিরোনাম:** অনুমোদিত ড্রয়িং এর কোন পরিবর্তন না হওয়া সত্ত্বেও আরসিসি ব্রিজের অবশিষ্ট অংশ নির্মাণ কাজে ঠিকাদারকে চুক্তিবদ্ধ পরিমাণের অধিক পরিশোধ করায় ১৫,০৩,১২৮/- (পনেরো লক্ষ তিন হাজার একশত আটাশ) টাকা ক্ষতি।

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে প্রাপ্ত জবাব ও প্রমাণক হতে দেখা যায় যে, বর্ণিত কাজটির সংশোধিত প্রাক্কলিত মূল্য বিভাগীয় প্রধান কর্তৃক অনুমোদিত। সংশোধিত প্রাক্কলন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ায় আপত্তিটি নিষ্পত্তির জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশ অনুযায়ী আপত্তিটি সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১০. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৫: অডিট আপত্তির শিরোনাম:** এইচবিবি রাস্তাকে বিটুমিনাস কার্পেটিং রাস্তায় উন্নীতকরণ কাজে বিদ্যমান রাস্তায় বালুর স্তর থাকা সত্ত্বেও পুনরায় SAND FILLING দেখিয়ে প্রাক্কলন অনুমোদন ও বিল পরিশোধে ৩৩,০৭,২৩০/- (তেত্রিশ লক্ষ সাত হাজার দুইশত ত্রিশ) টাকা ক্ষতি।

**আলোচনার সার-সংক্ষেপ:** এ আপত্তিটি গত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২২তম বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.১১. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৬: অডিট আপত্তির শিরোনাম:** বরাদ্দ মঞ্জুরী ব্যতীত ও মেয়াদ উত্তীর্ণ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের দায়-দেনা পরবর্তী অর্থ বৎসরে পরিশোধ করায় ১,০৬,৭৪,৩৪৯/- (এক কোটি ছয় লক্ষ চুয়াত্তর হাজার তিনশত উনপঞ্চাশ) টাকা অনিয়মিতভাবে ব্যয়।

**আলোচনার সার-সংক্ষেপ:** এ আপত্তিটি গত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২২তম বৈঠকে নিষ্পত্তিকৃত।

**৫.১১.আলোচ্য বিষয়: বিবিধ।**

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, কমিটি সংবিধান ও কার্যপ্রণালী-বিধির সাথে অসমঞ্জস্যপূর্ণ কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না। বাংলাদেশ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক সংবিধান অনুযায়ী তার দায়িত্ব পালনের জন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের অধীন নয় এবং রাষ্ট্রের হিসাব নিরীক্ষার ক্ষেত্রে কর্মপন্থা, বিষয়বস্তু ও ক্ষেত্র নির্ধারণের এখতিয়ার তার একান্ত নিজস্ব। তাই

সাংবিধানিক পদাধিকারী হিসাবে তার কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সুপারিশ করা নীতিগতভাবে সমীচীন অনুমিত হচ্ছে বিধায় বিগত ১০-১১-২০২০ তারিখের একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের ৬নং ক্রমিকের বিবিধ আলোচ্যসূচীর আওতায় গৃহীত সিদ্ধান্তটি এতদ্বারা বাতিল করা হলো। কমিটির সদস্যগণ এতে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির বিগত ১০-১১-২০২০ তারিখে অনুষ্ঠিত ২৬তম বৈঠকের ৬নং ক্রমিকের বিবিধ আলোচ্যসূচীর আওতায় গৃহীত সিদ্ধান্তটি এতদ্বারা বাতিল করা হলো।**

৬. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মাননীয় সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য এবং বৈঠকে আমন্ত্রিত ব্যক্তিবর্গের সুচিন্তিত পরামর্শ প্রদানের জন্য এবং সাচিবিক সহায়তাকারী কর্মকর্তাগণের দক্ষ সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে ২০ ডিসেম্বর ২০২০ তারিখ বেলা ১২:১৫ টায় বাংলাদেশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৪তম বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১২/২০২০

(মোঃ রুস্তম আলী ফরাজী)
সভাপতি
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।